দৈনিক ইত্তেফাক

তারিখ 11 MAR 2008
পৃষ্ঠা ৩ কলাম ৪

# প্রাইভেট টিউশনি সংক্রান্ত পরিপত্র বাতিল দাবি শিক্ষক কর্মচারি ঐক্যজোটের

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষক-কর্মচারি ঐক্যজোটের নেতৃবৃন্দ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রাইভেট টিউশনি বন্ধের নির্দেশ সংক্রান্ত পরিপত্র বাতিলের দাবি জানিয়েছেন। সোমবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ দাবি জানিয়ে নেতৃবৃন্দ বলেন, বাঁচার তাগিদে শিক্ষকরা টিউশনি করে। যে শিক্ষকরা একশ টাকা বাড়ি ভাড়া পান, আইন দ্বারা তাদের টিউশনি বন্ধ করা ঠিক নয়। শিক্ষকদের আর্থিক সুযোগ-সুবিধা প্রদান করে এ আইন বাস্তবায়ন করা উচিত।

সংগঠনের নেতৃবৃন্দ শিক্ষা অধিদপ্তরে শিক্ষকদের হয়রানি বন্ধ, জনবল কাঠামো সংশোধন, ৩য় বিভাগধারী অভিজ্ঞ শিক্ষকদের এমপিও চালু, প্রচলিত নিয়মে চিকিৎসা ভাতা ও ইনক্রিমেন্ট প্রদান, স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠা এবং কলেজ শিক্ষকদের উচ্চতর স্কেল চালুর দাবি জানান। শিক্ষা অধিদপ্তরের নানা হয়রানির কথা উল্লেখ করে নেতৃবৃন্দ বলেন, এখনও অনেক দুর্নীতিবাজ কর্মকর্তা শিক্ষা ভবনে চাকরি করছেন। নানা অযুহাত দেখিয়ে তারা শিক্ষকদের অন্যত্র বদলি করছেন। শিক্ষা ভবনে প্রবেশ করতে গিয়েও শিক্ষকরা হয়রানির শিকার হন বলে সাংবাদিক সম্মেলনে জানানো হয়। স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর চালুর দাবি জানিয়ে নেতৃবৃন্দ বলেন, বিগত সরকারের আমলে স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর চালুর উদ্যোগ নেয়া হলেও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) অসহযোগিতার কারণে তা বাস্তবায়ন হয়নি।

সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শিক্ষক কর্মচারি ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ মোঃ সেলিম ভূঁইয়া। সম্মেলনে শিক্ষক কর্মচারী ঐক্যজোটের আহবায়ক চৌধুরী মুগীস উদ্দিন মাহমুদ, মাওলানা এমএ লতিফ, বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারি ফেডারেশনের সভাপতি কামরুজ্জামান মিজান প্রমুখ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।